



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র : এমএলআই/প্রসকার/প্রশাঃ/৩১৯/২০২০/২৫৪

১০ নভেম্বর ২০২০

সাকুলার

বিষয় : উৎসাহ বোনাস (Incentive Bonus)-২০১৯।

আনন্দের সহিত সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ১৮/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ১৪৪ তম সভায় কোম্পানীর প্রশাসনিক কাজে নিয়োজিত (মাঠ পর্যায়ের উন্নয়ন কর্মকর্তা ব্যতিরেকে) স্থায়ী ও চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীকে ৩১/১২/২০১৯ তারিখে সমাপ্ত হিসাব বছরে ০২ (দুই) টি উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর প্রেক্ষিতে নিম্নবর্ণিত নীতিমালা (guidelines) ও শর্তাবলীর আওতায় ২০১৯ সালের উৎসাহ বোনাস প্রদান (disburse) করার জন্য নির্দেশ দেওয়া হলো :

- ১-(ক) কোম্পানীর একক (স্বনির্ভর বীমা ইউনিট সহ), লোকবীমা, ইসলামী বীমা (তাকাফুল ও ইসলামী ক্ষুদ্রবীমা ইউনিট সহ) ডিভিশনের স্থায়ী/চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী ২০১৯ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। জোন, শাখা ও CSC-তে থেক বেতনে নিয়োজিত/ব্যবসা আহরণের লক্ষ্যমাত্রার ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিগণ এই বোনাস পাবেন না। উন্নয়ন কর্মকর্তা যাবা উন্নয়ন পে-পেকলডুক্ত তারাও এই বোনাস পাবেন না। যে সমস্ত উন্নয়ন কর্মকর্তাগণ উন্নয়ন হতে প্রশাসনে আত্মীকরণকৃত হয়েছেন তারাও শর্ত পূরণ সাপেক্ষে উৎসাহ বোনাস পাবেন।
- (খ) ২০১৯ সালে যারা ন্যূনতম (not less than) একটানা ছয়মাস কর্মরত ছিলেন তারা বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন। পূর্ণ বোনাস ০২ (দুই) টি প্রাপ্তির জন্য ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০১৯ পর্যন্ত ১২ মাস অবিরুদ্ধভাবে চাকরিরত থাকতে হবে। যোগ্য (eligible) অথচ চাকরিকাল ১২ মাস পূর্ণ হয় নাই, এমন কর্মকর্তা/কর্মচারী আনুপাতিকহারে (pro rata basis) বোনাস পাবেন।
- (গ) ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০১৯ পর্যন্ত যিনি ১২ মাস চাকরি করেছেন তিনি দুইটি মূল বেতনের সমপরিমাণ অর্থ পাবেন। আনুপাতিক হারে বোনাসের পরিমাণ হবে $(৩১/১২/২০১৯ \text{ তারিখের মূল বেতন} + ৩৬৫) \times ২০১৯ \text{ সালের কর্মদিবস} \times ২$ । কেহ বিনা বেতনে ছুটি ভোগ করলে বিনা বেতনের দিন/দিনগুলো কর্মদিবস হতে বাদ যাবে। শুক্র ও শনিবার তথা সাপ্তাহিক ছুটির দিন ও সরকারি গেজেটেড ছুটির দিন কর্মদিবস হিসাবে বিবেচিত হবে।
- (ঘ) ৩১/১২/২০১৯ তারিখে প্রাপ্ত মূল বেতনের (basic pay) সমপরিমাণ অথবা স্থির (consolidated) বেতনের ৫০%-কে মূল বেতন বিবেচনা করে ০২ (দুই) টি বোনাস প্রদান করতে হবে।
- (ঙ) বোনাস প্রদানের (disbursement) তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে পে-রোল (pay roll) ডুক্ত থাকতে হবে অর্থাৎ চাকরিতে কর্মরত (active service) থাকতে হবে।
- (চ) ২২/১১/২০২০ তারিখে যিনি যেখানে কর্মরত থাকুন না কেন তাকে বর্তমান কর্মস্থল হতে বোনাস প্রদান করতে হবে।

সচিবমান পাতা-২



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

MEGHNA LIFE INSURANCE CO. LTD.

পাতা-২

- ২-ক) যিনি/যারা সাময়িক বরখাস্তাধীন (under suspension) রয়েছেন তাদেরকে বোনাস প্রদান করা যাবে না। বিষয় নিষ্পত্তি হলে পৃথক অনুমোদনের ভিত্তিতে তা পরিশোধিত হবে।
- (খ) নিয়ম-শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম (disciplinary action) এর অধীন কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো বিষয় নিষ্পত্তির অপেক্ষায় থাকলে তাদেরকে এই বোনাস প্রদান করা যাবে না। বোনাস প্রদানের তারিখে যে সকল কর্মকর্তা/কর্মচারী দীর্ঘদিন যাবত (কমপক্ষে ১৫ দিন) অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন তারা বোনাস প্রাপ্য হবেন না। তাদের ক্ষেত্রে কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (গ) ২০১৯ সালে কোম্পানীতে চাকরি করলেও ২০১৯ সালের উৎসাহ বোনাস প্রদানের তারিখ অর্থাৎ ২৩/১১/২০২০ বা তার পূর্বে যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী চাকরিতে ইস্তফা দিয়ে যথারীতি অব্যাহতি লাভ করেছেন বা করবেন এবং যারা ইস্তফা পত্র দাখিল করেছেন বা করবেন যা বর্তমানে প্রক্রিয়াধীন/বিবেচনাধীন রয়েছে/থাকবে তারা ২০১৯ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না। এমনকি ৩১/১২/২০১৯ এর পর যাদের চাকরি চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং যথানিয়মে অব্যাহতি লাভ করেছেন তাদের বিষয়ও বিবেচিত হবে না।
- (ঘ) ২০১৯ সালে বা বোনাস প্রদানের অব্যবহিত পূর্বে কোন কর্মকর্তা/কর্মচারী নৈতিকস্থলন, অর্থ আত্মসাৎ কিংবা গুরুতর অনিয়মের জন্য চাকরিচ্যুত/বরখাস্ত (terminated/dismissed) হলে তিনি বোনাস প্রাপ্তিতে অযোগ্য বিবেচিত হবেন।
- ৩- ২৩/১১/২০২০ তারিখের মধ্যে বেতন প্রদানকারী কর্মকর্তা (Pay Disbursing Officer) যোগ্য (eligible) কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে বর্ণিত নীতিমালা অনুযায়ী দুইটি পূর্ণ/অনুপাতিক হারে উৎসাহ বোনাস প্রদান করবেন (to the debit of Expenditure A/c: Incentive Bonus)।


স্বাঃ/
(এন. সি. রদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা

বিতরণঃ

সকল জোনাল অফিস/কম্পোজিট সার্ভিস সেন্টার,
একক বীমা/লোকবীমা/ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশন,
মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোং লিঃ,
বাংলাদেশ।

অনুলিপিঃ

০১। চেয়ারম্যান, ০২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ০৩। পরিচালক (বিপণন ও উন্নয়ন), ০৪। অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, ০৫। সকল ডিএমডি, প্রকোঃ, ০৬। সকল ইডি/জেইডি, প্রকোঃ, ০৭। ইডি (আইটি), সকল জোনাল অফিস ও সিএসসিতে অনলাইনের মাধ্যমে প্রেরণ করা যেতে পারে, ০৮। কোম্পানী সেক্রেটারী, ০৯। সকল জিএম প্রকোঃ, ১০। সকল সিনিয়র ডিজিএম/ডিএম/সিনিয়রএজিএম/এজিএম, প্রকোঃ, ১১। সকল সেকশন ইনচার্জ, প্রকোঃ, একক/লোক/ইবীত, ১২। ফাইল, ১৩। মাস্টার ফাইল।


(এন. সি. রদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা